বৃষ্টি রানী সরকার যশোর জেলার মুড়োগাছা গ্রামে জন্মগ্রহণ করে। বাবা কৃষি কাজ করে এবং মা গৃহিণী। তিন ভাই বোন নিয়ে অভাবের সংসার তাদের। অভাব ও অসচেতনতার কারণে বাল্যবিবাহের স্বীকার হয় বৃষ্টি। বৃষ্টির লেখাপড়ার প্রতি আগ্রহ ছিল বরাবর। সাতক্ষীরা জেলার তালা উপজেলার মহান্দি গ্রামের ছেলে রণজিত দাসের সাথে বিবাহ হয় বৃষ্টির। বিয়ের পরই লেখাপড়া বন্ধ হয়ে যায়। এস এস সি পাশ করলেও এইচ এসসিতে ভর্তি হতে পারেনি বৃষ্টি। বিয়ের পরপরই একটি পুত্র সন্তানের জন্ম হয়। পারিবারিক সহিংসতায় অতিষ্ঠ হয়ে গিয়েছিল বৃষ্টির জীবন। তার স্বামী ফার্নিচারের দোকানে দিনমুজুর হিসেবে কাজ করে। শ্বশুর, শাশুড়ি ও স্বামীর ঘরের বাইরে যেতে বাঁধা দেওয়া, কারও সাথে কথা বলা, বাপের বাড়ী যেতে বাঁধা দেওয়া, তাকে বিশ্বাস না করা ইত্যাদি ছিল তার নিত্য দিনের সঙ্গী। জীবনের প্রতি অনিহা হয়ে গেছিল বৃষ্টির। এসময় দলিত ইম্পাওয়ারমেন্ট ফাউন্ডেশন মহান্দি গ্রামে “পাওয়ার” প্রোগ্রামের আওতায় নারী দল গঠন করে। তখন বৃষ্টি দলিত নারী দলের কার্যনিবাহী সদস্য হিসেবে মনোনীত হয়। সেই থেকে বৃষ্টি নারী গ্রুপের প্রতিটি মিটিং এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। সেখান থেকে তার মনে সাহসের সঞ্চার হয়। সে ভেবেছিল পারিবারিক বাঁধার এই দেয়াল তাকে ভাঙতে হবে এবং তার জন্য তাকে পরিস্থিতি মোকাবেলা করার মত যোগ্যতা অর্জন করতে হবে। প্রথম প্রতিবাদ হিসেবে সে বাপের বাড়ীতে চলে যায়। তখন তার স্বামী তার অভাব বুঝতে পারে এবং তাকে বাড়ীতে ফিরিয়ে নিয়ে আসে। “পাওয়ার” প্রোগ্রাম থেকে বৃষ্টি কিছু টাকা নিয়ে ছোট একটি চায়ের দোকান শুরু করে। দোকান থেকে তার আয় হতে থাকে। এরপর শশুর, শাশুড়ি ও স্বামীকে বুঝিয়ে পুনরায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতায় এইচ এস সি তে ভর্তি হয়েছে। সে নিজের নামে একটি ব্যাংক একাউন্ট খুলেছে। প্রতি মাসে কিছু টাকা সঞ্চয় করেছে। তার পরিবারে সহিংসতা কমেছে এবং পারিবারিক বাঁধা পেরিয়ে সে লেখাপড়া চালাচ্ছে ও বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণ করেছে। বর্তমানে তার শ্বশুর, শাশুড়ি ও স্বামী তাকে মূল্যায়ন এবং সহযোগিতা করছে।



## After overcoming family obstacles, Bristi restarted her studies again.

Bristi Rani Sarkar was born in Murogacha village of Jashore district. Her father is a farmer and her mother is a housewife. Theirs is a poor family with three brothers and sisters. Due to poverty and lack of awareness, Bristi falls victim of child marriage despite her desire for a formal education. Bristi thus marries Ranjit Das, a guy from Mahandi village of Tala upazila in Satkhira district. Obviously, Bristi's schooling stops. She had passed her SSC examination yet because of marriage she could not get admission to the HSC course. A son is eventually born. Bristi's life is further disturbed by domestic violence. Her husband works as a day laborer in a furniture store. Her in-laws and husband prevent her from leaving the house, talking to anyone, visiting his father's house. Little by little, Bristi becomes averse to life. In the meantime, Dalit Empowerment Foundation had formed a women's group under the POWER program in Mahandi village. Bristi is chosen to be one of the executive members of the Dalit Women's group. From then on, Bristi has attended every meeting and training of the women's group. Courage now spreads in her mind and takes hold of her. Bristi is now convinced that she must break the wall of family bondages and for that, she had to acquire the skills necessary to deal with the situation. As a first step, Bristi dares to go to her father's house. Her husband, realizing her absence, is forced to go there and bring her back. Bristi then with some money from the POWER program starts a small teashop. Her income from the shop starts coming in. After long explanations to her father-in-law, mother-in-law and husband, she is allowed to restart her studies attending the HSC course in the Open University. Bristi opened also a bank account in his own name and started saving money every month. The violence in her family decreased and she is now studying and participating in various programs having been able to overcome familial obstacles. Currently, even her father-in-law, mother-in-law and husband see her in a different, positive light.

## অবশেষে ফতেপুর, নুরুল্লাপুর দলিত পাড়ার রাস্তা তৈরির কাজ শুরু হল

১২ নং খলিলনগর ইউনিয়নে ফতেপুর, নুরুল্লাপুর দাস পাড়াতে প্রায় ১২০ ঘর পরিবারের বসবাস। বাঁশবেঁতের কাজ থেকে শুরু করে সেলুনের কাজ, কৃষি কাজ, ইটের ভাটার কাজ ইত্যাদি পেশায় নিয়োজিত গ্রামবাসী। দীর্ঘদিন ধরে গ্রামবাসী বর্ষা মৌসুমে গরু ছাগল থেকে শুরু করে নর-নারী, বৃদ্ধ-বৃদ্ধা, শিশু, কিশোর-কিশোরীসহ ঐ এলাকার সকলে রাস্তা দিয়ে যাতায়াত করার মত অবস্থা ছিল না। এই সমস্যার কথা দীর্ঘ বছর যাবৎ চলছিল। ঐ এলাকার বিভিন্ন মানুষ নির্বাচিত জনপ্রতিনিধি (চেয়ারম্যান, মেম্বর) কাছে রাস্তার বিষয় তুলে ধরে, সবাই প্রতিশ্রুতি দেয় কিন্তু রাস্তা আর হয় না। ডিইএফ'র



পাওয়ার প্রোগ্রামের মাধ্যমে ফতেপুর, নুরুল্লাপুর দাস পাড়ায় মাসিক উঠান বৈঠকে উপস্থিত সকল দলিত নারীরা একপর্যায়ে আলোচনা করে নুরুল্লাপুর, ফতেপুর রাস্তার বিষয় নিয়ে। আলোচনায় সিদ্ধান্ত অনুযায়ী চায়না দাসের নেতৃত্বে ১২ নং খলিলনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে যেয়ে রাস্তার বিষয় তুলে ধরে এবং কিছুদিন পর চায়না দাস দলিত নারী গ্রুপের কয়েকজন নারী নিয়ে চেয়ারম্যানের কাছে যায় এবং তিনি বলেন রাস্তার বাজেট হয়ে গেছে খুব তাড়াতাড়িই রাস্তার কাজ শুরু হবে এই কথা শুনে চায়না দাস চলে আসে। তারপর মাসের পর মাস চলে যায় কিন্তু সেই বাজেট আর বাস্তবায়ন হয় না। দলিত ইম্পাওয়ারমেন্ট ফাউন্ডেশন পাওয়ার প্রোগ্রামের মাধ্যমে কর্মএলাকার নারী ও কিশোরীসহ এলাকার বিভিন্ন সমস্যা চিহ্নিত করে ২২ ডিসেম্বর'২০২২ তারিখে

আয়োজন করা হয় একটি সংলাপ সভা, সেখানে উপস্থিত ছিলেন উপজেলার প্রশাসন এবং স্থানীয় সরকার প্রতিনিধিবৃন্দ ও সুশীল সমাজবৃন্দ। সংলাপটি হয় সরকারী সেবাসমূহে নারী ও কিশোরীদের অর্ন্তভুক্তকরণ প্রসঙ্গে এবং সামাজিক অবকাঠামোর অবস্থার বিষয় নিয়ে। অবকাঠামোর বিষয়ে ফতেপুর ও নুরুল্লাপুরের রাস্তার কথাটি চায়না দাস উপস্থিত সংশ্লিষ্ট অতিথিবৃন্দের কাছে তুলে ধরে। সাথে সাথে উপজেলার ভাইচ চেয়ারম্যান মহাদয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে রাস্তার বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য বলেন এবং তার পরপরই শুরু হয়েছে রাস্তাটির কাজ। অবশেষে সোনার হরিণের মত দেখা মিলল। এলাকার জনগণ খুবই আনন্দিত। চায়না দাসের নেতৃত্বে দলিত নারীরা দীর্ঘদিনের এই রাস্তার সমস্যা তুলে ধরে তাদের এই রাস্তা তৈরির দাবি আদায় করতে সমর্থ হয়েছে। এই কাজের শেষে দীর্ঘদিনের সমস্যা থেকে মুক্তিপাবে এলাকার দলিত জনগোষ্ঠির মানুষ।

## At last, the construction work of the road in Fatepur and Nurullapur Dalit neighborhoods has started.

About 120 families live in Fatepur and Nurullapur Das Para in no. 12 Khalilnagar Union. Villagers there engage in professions ranging from bamboo weaving to saloon work, agricultural work, brick kiln work etc. For a long time, the villagers, men and women, old people, children, teenagers, and everyone in that area, were not able to travel on the road, particularly during the rainy season. The problem had been lingering on for years. Various people of that area raised the issue with the elected representatives (Chairman, Member), who always acknowledged the need but never built the road. Through DEF's Power Program, all the Dalit women present at the monthly courtyard meeting in Fatehpur and Nurullapur Das Para discussed the issue of the road. According to the discussion, it was decided that China Das had to go to the office of the Chairman of Khalilnagar Union Parishad no. 12 and raise the issue. After a few days, China Das went to the Chairman with some women of the Dalit women's group. The Chairman assured that the budget for the road had already been allotted and that the roadwork would start soon. Month after month went by but the road was not even started. On 22 December 2022, Dalit Empowerment Foundation organized a dialogue meeting to identify the various problems of the area including those of women and girls in the workplace. For the occasion, the Upazila administration and local government representatives together with some civil society members were present. The dialogue was about the inclusion of women and girls in government services and the state of social infrastructures. Once again, China Das brought up the matter of Fatepur and Nurullapur road to the concerned guests present. Immediately, the Upazila's Vice Chairman asked the Chairman of the Union Parishad to look into the matter seriously. Soon after that, the work of the road started. The people of the area are now very happy. Dalit women under the leadership of China Das have been able to raise their long-standing demand for a new road and successfully fulfilled it.

## কিশোরীদের দক্ষতা উন্নয়নের জন্য লাইফ স্কীল সেশন :

বাংলাদেশে বসবাসরত দলিত জনগোষ্ঠীর কিশোরীরা আজও তাদের অধিকার থেকে বঞ্চিত, সমাজের সর্বক্ষেত্রে তারা অনেকটাই পিছিয়ে আছে। দেশের বর্তমান সরকার এই জনগোষ্ঠীর উন্নয়নের জন্য বিভিন্ন প্রকার কার্যক্রম হাতে নিচ্ছে, তার পরও এই জনগোষ্ঠীর মানুষ এখনও পর্যন্ত কুসংস্কারে বিরজমান। দলিত সমাজে কিশোরীদের কোন অধিকার দেওয়া হয় না। তাদের স্বপ্ন কখনো বাস্তবায়ন করা সম্ভব হয় না, কারণ অহরহ বাল্যবিবাহের স্বীকার হচ্ছে। এই সকল কিশোরীরা পারে না তারা তাদের পরিবারে নিজস্ব কোন মতামত দিতে, পারে না কোন চাহিদা পূরণ করতে, এক কথায় বলা যায় দলিত জনগোষ্ঠীর কিশোরীরা তাদের সকল অধিকার থেকে বঞ্চিত। এই জন্য দলিত জনগোষ্ঠীর কিশোরীরা মূল-শ্রোতধারার কিশোরীদের থেকে অনেক পিছিয়ে আছে। দলিত কিশোরীদের সমাজের মূল শ্রোতধারায় চলার মানসিকতা তৈরি এবং জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য দলিত ইম্পাওয়ারমেন্ট ফাউন্ডেশন পাওয়ার প্রোগ্রামের মাধ্যমে তালা উপজেলার ০৩ টি ইউনিয়নে ০৩টি কিশোরী গ্রুপের সাথে প্রতি কোয়ার্টারে ০৩ টি করে বিভিন্ন বিষয়ের উপর লাইফ স্কীল সেশন করে থাকে। ২০২২ সালে মোট ১২ টি লাইফ স্কীল সম্পন্ন হয়েছে। যেখানে বিভিন্ন বিষয়ের উপর আলোচনা, প্রশ্নোত্তর, অভিনয় ও গেমের মাধ্যমে কিশোরীদের শিক্ষা প্রদান করা হয়, যেন কিশোরীদের নিজেদের জীবন সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারে, বিভিন্ন ক্রিয়াকলাপে অংশগ্রহণ করার মানসিকতা তৈরি হয় এবং জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের নিজেদের অধিকার রক্ষায় নিজেরাই কাজ করতে পারে এবং সামাজিক ও রাষ্ট্রীয় বিভিন্ন উন্নয়নমূলক কাজে অংশগ্রহণের মধ্য দিয়ে সমাজে ও রাষ্ট্রে ভূমিকা রাখতে পারে।

### Life Skills Session for the Development of Girls Adolescents' Abilities.

Dalit girls living in Bangladesh are still deprived of their rights, lagging far behind in all aspects of social life. The current government of the country is undertaking various activities for the development of this community, nevertheless, the people of this community continue living enwrapped in prejudices. In Dalit

society, girls are not recognized any right. Their dreams are seldom fulfilled, as child marriage is often enforced. All these girls cannot give their own opinion on familial matters, they are unable to fulfill their needs, in a nutshell, it can be said that Dalit girls are simply invisible, unheard and unseen by all. This is why, Dalit girls lag far behind the girls of mainstream society. Dalit Empowerment Foundation,



through the POWER program, conducted once every three months, 03 life skills sessions on various topics in 03 Unions of Tala Upazila with 03 teenage groups to form a new mindset and thus increase their knowledge and skills to enable them to walk on a par with the girls of mainstream society. So in 2022, a total of 12 life skills sessions have been completed. In these meetings, girls were taught through discussions, questions and answers sessions, acting and games about various topics, so that the girls could properly manage their own lives, develop a new attitude enabling them to participate in various activities and through an increase of knowledge and skills, act on their own to protect their own rights. In so doing they will also be enabled to make a positive contribution to both their society and state.

## বিশ্ব মর্যাদা দিবস উদ্‌যাপন :

সারা বিশ্বে ০৫ ডিসেম্বর বিশ্ব মর্যাদা দিবস উদ্‌যাপন করা হয়। দলিত ইম্পাওয়ার ফাউন্ডেশনের পাওয়ার প্রোগ্রামের আওতায় তালা উপজেলার শিল্পকলা একাডেমিতে ০৫ ডিসেম্বরকে স্মরণ



করে ০৯ ডিসেম্বর ২০২২ বিশ্ব মর্যাদা দিবস উদ্‌যাপন করা হয়। দলিত জনগোষ্ঠীর মানুষ যাতে তাদের অধিকার ও মর্যাদা সম্পর্কে সচেতন হতে পারে, তারা যাতে নিজেদের মর্যাদা আদায়ের জন্য সংঘবদ্ধ হয় এ বিষয়টি উপলব্ধি করার জন্য মূলত এ দিবসটি পালন করা হয়েছে। ভারতীয় সংবিধান রচয়িতা ড. বি আর আম্বেদকর তিনি ছিলেন একজন দলিত সম্প্রদায়ের মানুষ, তিনি তার এলাকা থেকে শুরু করে এবং শিক্ষাজীবনে ও সমাজ এবং রাষ্ট্রের বিভিন্ন পর্যায়ে তিনি অবহেলিত, ঘৃণিত, লাঞ্ছিত ও বৈষ্যমের নিয়মিত শিকার হয়েছেন। তিনি দলিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য আজীবন সংগ্রাম করে এসেছেন। তার মৃত্যুর পর জাতিসংঘ ৫ ডিসেম্বর ড. বি আর আম্বেদকরের

মৃত্যু দিবসকে আন্তর্জাতিক মর্যাদা দিবস ঘোষণা করেন। দলিত জনগোষ্ঠীর মানুষ যেন মর্যাদাপূর্ণভাবে এই সমাজে বসবাস করতে পারে এবং তাদের মর্যাদা রক্ষার জন্য যে একটি দিবস পালন করা হয়, এ বিষয়টি তুলে ধরার জন্য দলিত জনগোষ্ঠীর নারী ও সমাজের মূল-শ্রোতধারার মানুষদের নিয়ে দলিত ইম্পাওয়ারমেন্ট ফাউন্ডেশন পাওয়ার প্রোগ্রামের আওতায় এই দিবস উদ্‌যাপনের জন্য উদ্যোগ গ্রহণ করেছে। এ কর্মসূচির বিশেষ কতগুলি লক্ষ্য হল-১.০৫ ডিসেম্বর দিবসটি সম্পর্কে তাদের ধারণা প্রদান ২. সমাজে অবহেলিত বঞ্চিত ও তথাকথিত অস্পৃশ্য জনগোষ্ঠিকে সমাজের মূল শ্রোত ধারার মানুষের সাথে এক কাতারে দাঁড় করিয়ে পূর্ণ মানবিক অধিকার ও মর্যাদা নিশ্চিত করা ৩. দলিত জনগোষ্ঠীর মানুষ যাতে তাদের বাক স্বাধীনতা প্রকাশ করতে পারে ৪. সুশীল সমাজ ও স্থানীয় সরকারের প্রতিনিধিরা যেন এই পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের মর্যাদাপূর্ণভাবে জীবন যাপনের সহযোগিতামূলক মনোভাব প্রকাশ করে ও উৎসাহ প্রদান করে।

নাটক, আলোচনা ও কুইজ প্রতিযোগিতার মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপন করা হয়। তালা উপজেলা চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানসহ অন্যান্য জন প্রতিনিধিরা ও ৬০ জন দলিত নারী এ প্রোগ্রামে উপস্থিত ছিলেন। সকল অতিথিরা তাদের আলোচনার মধ্যে এ দিবসটির তাৎপর্য তুলে ধরেন এবং সমাজে দলিত নারীদের অধিকার ও মর্যাদা সম্পর্কে অবগত করেন করেন। অপরদিকে দলিত নারীরা নাটকের মাধ্যমে পরিবারে ও সমাজে তাদের অবস্থানের বিষয়ে তুলে ধরেন। সবশেষে পরিবারে, সমাজে ও রাষ্ট্রে নিজেদের মর্যাদা নিজেরা রক্ষা করার জন্য দলিত নারীরা উদ্যোগ গ্রহণ করবে বলে প্রতিশ্রুতিবদ্ধ হয়।

### Celebration of International Dignity Day.

This Dignity Day is internationally celebrated on 05 December. Yet, Dalit Empowerment Foundation under the POWER program, celebrated it on December 09, 2022, at the Shilpakala Academy of Tala Upazila. This day was observed mainly to bring home to the Dalit people that they too are bearers of rights and dignity, and where these are not recognized they must fight for them. The author of the Indian Constitution, B.R. Ambedkar was a man belonging to a Dalit community, who, while neglected, hated, insulted and discriminated against, never stopped fighting for his people's rights and dignity. After his death, the United Nations declared December 5, that is, B.R. Ambedkar's death anniversary, as the International Dignity Day. Dalit Empowerment Foundation, under the auspices of POWER program, observed the day with the participation of Dalit women and mainstream people, to highlight the fact that Dalit people can live in this society with dignity, by enforcing and protecting it. The specific objectives of the day observation were:

1. To make them aware of December 05 Day;
2. To ensure full human rights and dignity to the neglected, deprived and so-called untouchables of the society by standing side by side with the mainstream people of the society;
3. To stand by Dalit groups so that their freedom of speech can be fulfilled;
4. To show support to Dalit people by civil society and representatives of local government in order that they be encouraged to live with dignity.

The day was celebrated with plays, discussions and quiz competitions. Tala Upazila Chairman, Mahila Vice Chairman and other representatives together with 60 Dalit women were present at the program. All the guests in their comments highlighted the significance of the day and informed about the rights and dignity of Dalit women in society. On the other hand, Dalit women highlighted their position in the family and society through a show of popular theater. Finally, Dalit women expressed their determination in safeguarding their dignity in the family, society and state.

## আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন:

নারীদের কর্মক্ষেত্র যেমন: কৃষি, শিল্প কলকারখানা, বিভিন্ন সরকারি-বেসরকারি চাকরি ও অর্থনৈতিক এবং সাংস্কৃতিক বিভিন্ন জায়গায় বৈষম্য করা হয়। তাই ১৮৫৭ সালে নিউইয়র্কে একটি সুতার কারখানার শ্রমজীবী নারীরাই শুরু করে তাদের মুজুরি বৈষম্যের জন্য আন্দোলন সেখান থেকে আন্দোলন করতে বিশ্বের অনেক নারীরাও আন্দোলনে যোগ দেয় এবং ১৯৭৫ সালে জাতিসংঘ থেকে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে ঘোষিত হয়। কিন্তু বাংলাদেশের দলিত জনগোষ্ঠীর নারীরা এখনও পর্যন্ত তাদের ন্যায় দাবি, তাদের অধিকার ঠিকমত পায়না। দলিত জনগোষ্ঠীর অধিকাংশ নারীরা তাদের অধিকার, বৈষম্য সম্পর্কে জানে না এবং এই জনগোষ্ঠীর নারীরা কুসংস্কারে আচ্ছন্ন। তাই কর্মসূচির লক্ষ্য উদ্দেশ্য বাস্তবায়নের জন্য এই জনগোষ্ঠীর নারীদের কুসংস্কার থেকে বেরিয়ে এসে সচেতন হয়ে তাদের ন্যায় অধিকার বুঝে নেওয়ার জন্য ফুটবল খেলা, বিষয়ভিত্তিক নাটক, কুইজ প্রতিযোগিতা ও আন্তঃ শিক্ষামূলক সভার আয়োজন করা হয়।

৮.০৩.২০২২ ইং তারিখ সকাল ০৯.৩০ মিনিটে তালা উপজেলা শিল্পকলা একাডেমী মাঠ প্রাঙ্গনে কবুতর উড়িয়ে আন্তর্জাতিক নারী দিবসের উদ্বোধন করেন তালা উপজেলা নির্বাহী অফিসার জনাব প্রশান্ত কুমার বিশ্বাস। উক্ত নারী দিবস উদ্‌যাপন উপলক্ষে ১২ নং খলিলনগর ইউনিয়ন ও ০৬ নং



তালা সদর ইউনিয়নের দলিত নারীরা শিল্পকলা একাডেমি মাঠ প্রাঙ্গনে ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। উক্ত ফুটবল প্রতিযোগিতায় বিজয়ী হয় ০৬ নং তালা সদর ইউনিয়নের দলিত নারী গ্রুপ। ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে দলিত নারীদের জড়তা কেটেছে, কুসংস্কার থেকে বের হতে পেরেছে এবং তারা বুঝতে পেরেছে যে নারীরা ইচ্ছা করলে পুরুষের সমকক্ষ হয়ে কাজ করতে পারে এবং অতিথিবৃন্দও এ বিষয়ে উৎসাহ প্রদান করেন।

আলোচনা সভায় দলিত নারীদের প্রতিনিধি হিসেবে মিতা রানী দাস, প্রতিমা রানী সরকার ও পার্বতী দাস পরিবারে ও সামজের বিভিন্ন ক্ষেত্রে তাদের প্রতি বৈষম্যের বিষয়গুলি তুলে ধরেন। অতিথিবৃন্দদের মধ্যে উপস্থিত ছিলেন-উপজেলা নির্বাহী অফিসার জনাব প্রশান্ত কুমার বিশ্বাস তিনি আন্তঃ শিক্ষামূলক সভার সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান-ঘোষ সনৎ কুমার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইচ চেয়ারম্যান-মুরশিদা পারভিন পাঁপড়ি, প্রকল্প বাস্তবায়ন অফিসার-মোঃ ওবায়দুল হক, জুলফিকার রায়হান-সম্পাদক রিপোর্টার্স ক্লাব, তালা, সাতক্ষীরা। অতিথিবৃন্দ তাদের বক্তব্যের মধ্য দিয়ে নারী দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং বিভিন্ন ক্ষেত্রে নারীদের প্রতি বৈষম্যের কারণগুলি উল্লেখ করেন। সবশেষে দলিত নারীরা ও অতিথিবৃন্দ একমত হন যে, বৈষম্য দূর করতে হলে সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হলে, নারীদের নিজেদের যোগ্যতা প্রমাণ করতে হবে, তাহলে পরিবারে ও সমাজে নারীদের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে এবং দেশ আরও উন্নয়নশীল হতে সক্ষম হবে।

## Celebrating International Women's Day.

Women are discriminated against in various areas of social life including the economic and cultural spheres. Women suffer harassments of all sorts in their workplace be it agricultural or industrial, public or private. It thus happened that in 1857, the women workers of a yarn factory in New York started a movement to put an end to their wage discrimination. From there, many women of the world also started their own movement, and in 1975, the United Nations declared March 8 as the International Women's Day.

Despite the long time passed, the women of Bangladesh's Dalit community have not yet obtained their rightful demands, nor properly enjoyed their rights. Most Dalit women do not know about their rights, and are not even aware of the discrimination they are the victim of. Therefore, to realize the objectives of the program, football games, thematic dramas, quiz competitions and inter-scholastic meetings were organized to make the women of this group aware of the prejudices they suffer from and understand their rights.

On March 8, 2022 at 09.30 am, Mr. Prashanto Kumar Biswas, Tala Upazila Executive Officer inaugurated the International Women's Day by flying pigeons on the grounds of Tala Upazila Shilpakala Academy. On the occasion, Dalit women of no. 12 Khalilnagar Union and no. 06 Tala Sadar Union, participated in a football match at Shilpakala Academy grounds. Dalit Women's Group of no. 06 Tala Sadar Union won the football competition. By participating in the football competition, Dalit women broke their inertia, came out of prejudices and realized that women can work as equals to men if they want to. All the guests present, encouraged this in their addresses to the women.

Mita Rani Das, Pratima Rani Sarkar and Parvati Das, as representatives of Dalit women, highlighted the issues of discrimination against them in the family and in various areas of society. The guests there present were: the Upazila Executive Officer Mr. Prashanto Kumar Biswas, who presided over the inter-scholastic meeting, the Upazila Chairman Mr. Ghosh Sanat Kumar, chief guest, the Upazila Mahila Vice Chairman, Mrs. Murshida Parveen Papri, special guest, the Project Implementation Officer, Mr. Md. Obaidul Haque, special guest, Mr. Zulfikar Raihan, the secretary of Reporters Club, Tala, Satkhira, special guest. Dalit women and the guests all agreed that social attitudes must change to eliminate discrimination. To do so, women have to prove themselves, then the acceptance of women in the family and society will increase and the country will be able to develop further.

## বাল্য বিবাহ ও স্কুল ড্রপ-আউট প্রতিরোধের লক্ষ্যে ডোর টু ডোর ক্যাম্পেইন :

দলিত জনগোষ্ঠীর মানুষের মধ্য থেকে ছেলে ও মেয়েরা বেশি ড্রপ আউট হয় এবং ছেলেদের তুলনায় মেয়েরা বেশি ড্রপআউট হয়। কারণ মেয়েরা একটু বড় হলেই বিয়ে দেওয়ার জন্য ব্যস্ত হয়ে পড়ে তার পরিবার। তাদের চিন্তা চেতনা যে মেয়েরা একটু বড় হলে তাদেরকে স্বামীর বাড়িতে যেতে হবে। তাই অল্প পড়ালেখা শিখানোর পর তাদেরকে দিয়ে বাড়ির কাজ এবং রান্নার কাজ করানো হয়। তাছাড়া বেশী বয়স হলে মেয়েদের বিয়ে দেওয়া কষ্টকর হবে বলে মনে করে তাঁদের পরিবার। তাই মাধ্যমিকে উঠলেই তাদের আর লেখাপড়া হয় না, হয় বিয়ে হয়ে শ্বশুর বাড়ীতে যেয়ে সংসারের ঘানী টানতে হয়, না হলে বাবার বাড়ীতে লেখাপড়া বন্ধ করে সংসারের কাজে লিপ্ত হতে হয়। তাই সবচেয়ে বড় প্রয়োজন হচ্ছে কিশোরীদের পরিবারকে সচেতন করা। দলিত ইম্পাওয়ারমেন্ট ফাউন্ডেশন পাওয়ার প্রোগ্রামের মাধ্যমে ২০২২ সালে মোট ০২ টি ডোর টু ডোর ক্যাম্পেইন কর্মসূচি বাস্তবায়ন করেছে। ২৭ ফেব্রুয়ারি ও ২৬ নভেম্বর-২০২২তারা উপজেলার ০৩টি ইউনিয়নে (০৬ নং তালার সদর, ০৫ নং তেঁতুলিয়া ও ১২ নং খলিল নগর) ৬০ টি করে মোট ১২০ টি পরিবার ভিজিট করা হয়। বাই সাইকেলের সামনে



হচ্ছে কিশোরীদের বাল্য বিবাহের কবল থেকে রক্ষা করা ও ড্রপ-আউট বন্ধ করা। কিশোরী গ্রুপের যে সকল কিশোরীরা অভিনয় ও উপস্থাপনা ভালো করতে পারে, তাদের মধ্য থেকে ৩০ জনকে বাছাই করে ক্যাম্পেইনের জন্য প্রস্তুত করা হয়, প্রোগ্রামের কর্মীসহ এই গ্রুপটি ০২ টি ভাগে বিভক্ত হয়ে ০১ দিনে মোট ৬০ টি পরিবার ভিজিট করেছে। ক্যাম্পেইনাররা প্রতিটি পরিবারে যেয়ে তাদের অভিভাবকদের সাথে সাক্ষাত করে, তাদেরকে বাল্যবিবাহের কৃফল সম্পর্কে জানায় ও বাল্যবিবাহের তথ্য সম্বলিত একটি হ্যান্ডনোট প্রদান করে এবং ক্যাম্পেইনারগণ অভিভাবকদের অনুরোধ করে যেন তাদের কন্যা সন্তানদের ১৮ বছর পূর্বে বিবাহ না

দেয়। বাল্যবিবাহ ও ড্রপ-আউট প্রতিরোধ করার জন্য এলাকার জনগণকে সচেতন করতে কিশোরী গ্রুপের এই ডোর টু ডোর ক্যাম্পেইনের উদ্যোগ কর্ম এলাকায় ব্যাপক সাড়া পড়েছে।

## Door-to-door campaign to prevent child marriages and schools drop-out.

Among the Dalit population, boys and girls drop out more and girls drop out more than boys do. In fact, when the girls grow up, their families get busy to marry them. Their thinking is that when girls grow up, they should go to their husband's house. So after little education they are made to do housework and cooking. Moreover, their families think that it will be difficult to get girls married if they are too old. Therefore, when they reach secondary school, they no longer study. They either get married, and so they have to go to their father-in-law's house, or else they have to stop studying at their father's house and engage in family work. Things being so, the biggest need is to spread consciousness among the families of the girls. In 2022, Dalit Empowerment Foundation has implemented a total of 02 door-to-door campaign programs under the auspices of POWER Program. On February 27 and November 26, 2022, a total of 120 families were visited in 03 unions (06 Tala Sadar, 05 Tentulia and 12 Khalil Nagar) of Tala Upazila. Adolescents' campaigns were conducted in villages by hanging various anti-child marriage posters in front of their bicycles. The main objective of the campaigns was to protect the girls from early marriage and stop dropping-out from schools. 30 girls who can perform well in acting and presentation were selected and prepared for the campaign. This group was then divided into two. The two groups together with program staff in one day were able to visit a total of 60 families. Campaigners visited every family to meet the girls' parents, inform them about the consequences of child marriage and hand out a leaflet containing information on early marriages and their nefarious consequences. Campaigners earnestly requested parents not to marry their daughters before becoming 18 years old. This door-to-door campaign by the adolescent girls' groups received a huge and positive response in the working area. We do believe that many were sensitized in preventing child marriage and dropouts.

## নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের জন্য যুব-ছেলেদের নিয়ে সেশন

দলিত সম্প্রদায়ের কিশোরীদের বিভিন্নভাবে যৌন হয়রানির স্বীকার হতে হয়। রাস্তা-ঘাটে, স্কুল, কলেজে, দোকানের মোড়ে বখাটে ছেলেরা তাদের উত্যক্ত করে। মোবাইলের মাধ্যমে, চিঠির মাধ্যমে অথবা সরাসরি তাদেরকে হয়রানি করা হয়। ফলে তাদের লেখাপড়া বন্ধ হয়ে যায় এবং বেশীরভাগই বাল্য বিবাহের শিকার হয়। অনেক সময় আত্মহত্যার মত ভয়ানক ব্যাপার ও ঘটে। আর এই যৌন হয়রানি তাদেরই এলাকার যুবক ও বাইরের যুবকদের মাধ্যমে ঘটে থাকে। বেনিফিশিয়ারিজদের পরিবারের যুব-ছেলেদের নিয়ে এই যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধমূলক কার্যক্রম করলে এলাকার কিশোরীদের এই যুব-ছেলেরা যৌন হয়রানি করা থেকে বিরত থাকবে এবং তাদের এলাকায় যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সহযোগিতা করবে। তাই পাওয়ার প্রোগ্রামের আওতায় কর্ম এলাকায় যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ করার লক্ষ্যে বেনিফিশিয়ারিজদের পরিবারের ৬০ জন যুব-ছেলেদের নিয়ে ০২ টি সেশন অনুষ্ঠিত হয়। ২৬ ফেব্রুয়ারি ২০২২ ও ০৮ আগস্ট-২০২২ উপজেলা প্রাণি সম্পদ কার্যালয়ের সভাকক্ষে যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধমূলক সেশন করা হয়। উক্ত সেশনে সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধিরা অতিথি হিসেবে উপস্থিত থেকে বিষয়ভিত্তিক বক্তব্য প্রদান করেন। প্রোগ্রাম কোর্ডিনেটর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতার ক্ষতিকর দিক, প্রতিরোধের উপায় ইত্যাদি বিষয় তুলে ধরেন। গ্রুপ ওয়ার্কের মাধ্যমে যুব-সমাজের দায়িত্ব কর্তব্যগুলো তুলে ধরা হয়। কুইজ প্রতিযোগিতার মাধ্যমে উক্ত বিষয়ের উপর জ্ঞানের পরিধির পরিবর্তন যাচাই করা হয়। সবশেষে পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে সেশন সমাপ্ত করা হয়। যুব-ছেলেদের নিয়ে এ ধরনের সেশন করার ফলে তারা যৌন হয়রানি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে উদ্যোগী হয়েছে।

### Session with male youngsters to prevent violence against women.

Girls of the Dalit community have often to put up with sexual harassment in different ways. They are bullied by boys on the streets, in schools and colleges, at shop corners etc. They are harassed through mobile phones, letters or even directly. As a result, girls' education often terminates abruptly and most of them undergo early marriages. Sometimes terrible things like suicide also happen. Usually this sexual harassment is often carried out by the youth of the girls' own area. It is thus hoped that by organizing activities to prevent sexual harassment and violence against women with the young boys of the localities, the young boys will refrain from sexually harassing the young girls of the area and will help to prevent sexual harassment and violence against women in general. To this purpose, under the POWER program, 02 sessions were conducted with 60 youths from the beneficiaries' families in order to prevent sexual harassment and violence against women.

On February 26, 2022 and August 08, 2022, sexual harassment and violence against women prevention sessions were held in the meeting room of the Upazila Animal Resources Office. Government officials and public representatives attended the session as guests and delivered topical speeches. The program coordinator highlighted the harmful aspects of both sexual harassment and of violence against women, and, with the aid of a power point presentation, presented ways of preventing them. The responsibilities and duties of the youth were highlighted through group work. Finally, a quiz competition was deployed to assess and verify the change in attitude. The session was concluded with a prize distribution. The program motivated the boys to such an extent that they adopted a strong resolution to prevent sexual harassment and violence against women.



## নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে মানববন্ধন

বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক গণতান্ত্রিক রাষ্ট্র। এখানে শোষণ বঞ্চনার বিরুদ্ধে এবং সমতাভিত্তিক সমাজ বির্নির্মান, যেখানে সামাজিক বৈষম্য আছে সেখানে নারী ও শিশু অধিকার ও মর্যাদা নিশ্চিত করতে সাতক্ষীরা জেলার তালা উপজেলায়



বসবাসরত দলিত জনগোষ্ঠীর নারীদের সমন্বয়ে একটি ঐক্যবদ্ধ নারী দল তৈরি করা হয়েছে। এই নারী দল বাংলাদেশের যে কোন জায়গায় নারী এবং শিশুদের উপর নির্যাতন, হামলা, ধর্ষণ, যৌন হয়রানি ও খুনের প্রতিবাদের জন্য আর্জেন্ট মুভমেন্ট-এর আওতায় মানববন্ধন, সমাবেশ, র্যালি, স্মারকলিপি প্রদান ও গণস্বাক্ষর অভিযান প্রভৃতি বাস্তবায়ন করে থাকে। ০৬ ডিসেম্বর, ২০২২ তারিখ তালা প্রেস ক্লাব প্রাঙ্গণে 16 DAYS OF ACTIVISM এর আওতায় নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে র্যালি, আলোচনা ও নারীদের

আড্ডা অনুষ্ঠিত হয়। উক্ত মানব বন্ধনে দলিত নারীদের ৫০ জন প্রতিনিধি, তালা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও ডিইএফ কর্মীরা অংশগ্রহণ করেন। দলিত নারীরা, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ক বিভিন্ন ম্যাসেস সম্বলিত প্লাকার্ড হাতে নিয়ে মিছিল করে এবং দলিত নারীদের মধ্যে লিপিকা রাণী দাস, আরতি রানী দাস, ছবিতা রানী দাস, ডলি রানী দাস নারীর প্রতি সহিংসতার প্রতিবাদে বক্তব্য প্রদান করেন। এরপর ৫০ জন দলিত নারী তাদের আড্ডায় নারীর প্রতি সহিংসতার প্রতিরাধে আর কি ধরনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে এ বিষয়ে পরিকল্পনা করেন। এভাবে দলিত নারীরা সাহসিকতার সাথে সারা দেশে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে ভূমিকা রেখেছে যা দলিত নারীদের আন্দোলনকে আরও বেগমান করেছে।

### Human chain to prevent violence against women.

Bangladesh is a non-communal, democratic country. A women's group has been created here in Tala Upazila against exploitation and deprivation, in order to build a society based on equality, to ensure the rights and dignity of women and children wherever there is social inequality. This women's group calls for human chains, assemblies, rallies, memorandum submission, public signature campaign etc. under Urgent Movement to protest the torture, assault, rape, sexual harassment and murder of women and children anywhere in Bangladesh. On December 06, 2022, a rally, a discussion and a "women's chat" were held to thwart any violence against women under "16 Days of Activism" in the Tala Press Club premises. 50 representatives of Dalit women, the general secretary of Tala Press Club and DEF workers participated in the human chain. Dalit women marched holding placards with various messages on prevention of violence against women and particularly, against Dalit women. Lipika Rani Das, Aroti Rani Das, Chobita Rani Das and Doli Rani Das gave speeches condemning violence against women. After that, 50 Dalit women discussed and planned in their meeting what other initiatives could be undertaken to prevent violence against women. In so doing, Dalit women bravely played their part in fighting against violence against women across the country.

## সার্ভিস প্রোভাইডারদের সাথে লিংকেজ তৈরির জন্য ডায়লগ

দলিত কমিউনিটি নারী ও কিশোরী সামাজিকভাবে বৈষম্যের শিকার। শিক্ষা, স্বাস্থ্য, আইন ও চাকুরীর ক্ষেত্রে দলিত নারীদের সুযোগ সীমিত। এ কারণে এসব দলিত নারী ও কিশোরীদের সার্ভিস ডেলিভারী এ্যাক্টরদের সাথে লিংকেজ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই প্রকল্পের আওতায় দলিত নারী ও কিশোরীদের, সরকারী স্বাস্থ্য সেবা প্রাপ্তি, সেফটিনেট কর্মসূচিতে দলিত নারীদের অধিকার নিশ্চিত, সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ, স্থানীয় বিভিন্ন কমিটিতে যুক্ত হওয়া, স্বাস্থ্যসেবা ক্ষেত্রে প্রবেশাধিকার বৃদ্ধি এবং স্থানীয় অন্যান্য সরকারী/বেসরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে সার্ভিস ডেলিভারী এ্যাক্টরদের সাথে লিংকেজ করার জন্য ২২ ডিসেম্বর, ২০২২ তারিখ তালা উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের সভা কক্ষে দলিত নারীদের ৩০ জন প্রতিনিধি ও সার্ভিস প্রোভাইডারদের সাথে ডায়লগ অনুষ্ঠিত হয়। উক্ত ডায়লগে তালা উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান, মহিলা বিষয়ক কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা অফিসার, যুব উন্নয়ন অফিসার অংশগ্রহণ করেন। সরকারি কর্মকর্তা ও স্থানীয় সরকার প্রতিনিধিরা তাদের বিভিন্ন সেবা সম্পর্কে জানায়, দলিত নারী প্রতিনিধির পক্ষ থেকে শেফালী সরকার তাদের সেবা সমূহে যুক্ত হওয়ার প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে কর্মকর্তাগণ তাদের বিস্তারিত জানায়। দলিত নারী প্রতিনিধির পক্ষ থেকে চায়না দাস, নেপালী দাস ও পার্বতী দাস তাদের ফতেপুর নুরুলপুর রাস্তার তৈরির বিষয় উপস্থাপন করেন, রাস্তার জন্য অত্র এলাকার জনগণের চলাচলের দুর্ভোগের কথা তুলে ধরেন। উপজেলা ভাইস চেয়ারম্যান রাস্তা তৈরির কাজ শুরু হবে বলে আশ্বস্ত করেন। এভাবে দুই পক্ষের আলোচনায় তাদের মধ্যে লিংকেজ তৈরির বিষয় নিশ্চিত করা হয়।

### Dialogue for creating linkages with service providers.

Dalit community women and girls face social discrimination. Dalit women have limited opportunities in education, health, law and employment. For this reason, it is very important to link these Dalit women and girls with service delivery actors.

Under this project, Dalit women and girls try to access government health services, ensure the rights of Dalit women in the Safety-Net program of the government, participate in social activities, join various local committees, increase access to health services and link up with other local public/private service delivery actors. To this end, on December 22, 2022, a dialogue was held with 30 representatives of Dalit women and service providers in the meeting room of Tala Upazila Animal Resources Office. Tala Upazila Chairman, Upazila Vice Chairman, Women Affairs Officer, Secondary



Education Officer and the Youth Development Officer participated in the dialogue. The government officials and local government representatives informed our women about their various services. Speaking on behalf of the Dalit women representative, Shefali Sarkar asked what the process and requirements were to join their services. At this, the officials gave her and all the women present details on how to join the service providing institutions. China Das, Nepali Das and Parvati Das, representatives of the Dalit women, tabled the issue of the construction of the Fatehpur and Nurullapur road, highlighting the suffering of the people of the area because of the lack of it. The Upazila Vice Chairman assured that the road construction would start soon. In this way, the discussion between the two parties paved the way to the creation of linkages between them.

## দলিত নারীদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ

বাংলাদেশের প্রেক্ষাপটে দলিত নারীরা কৃষিতে অনেক পিছিয়ে আছে কৃষিনির্ভর বাংলাদেশের অর্থনৈতিক চালিকা শক্তি হচ্ছে কৃষি। কৃষি ক্ষেত্রে নারীর অবদান অনস্বীকার্য। পৃথিবীর সূচনা থেকেই নারী কৃষি কাজের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। নারীরা কৃষির বিভিন্ন কর্মকাণ্ডে, বিশেষ করে ফসল প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, বীজ উৎপাদন, হাঁস মুরগি, গবাদি পশুপালন, বাড়ীর



আঙ্গিনায় সবজি ও ফল উৎপাদনসহ বিভিন্ন ভূমিকা পালন করেছে। তাই কৃষি কর্মকাণ্ডে দলিত নারীদের অংশগ্রহণ করলে তারা সমাজে ও পরিবারে অর্থনৈতিকভাবে ভূমিকা রাখতে পারে, তাদের অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন করার লক্ষ্যে ১৬ জুন, ২০২২ তারিখ তালা প্রাণিসম্পদ কার্যালয়ের হল রুমে তালা উপজেলা কৃষি কর্মকর্তার মাধ্যমে ৩০ জন দলিত নারীদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়। উক্ত প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে-

১. দলিত নারীদের কৃষিতে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা

২. মৌসুমী ফসলের চাষ সম্পর্কে স্বচ্ছ ধারণা তৈরী করা

৩. ভার্মি কম্পোষ্ট সার তৈরী সম্পর্কে ধারণা প্রদান করা

৪. কৃষি কাজের মাধ্যমে তাদের অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন করা।

